

## **া** শারহু মাসাইলিল জাহিলিয়্যাহ

বিভাগ/অধ্যায়ঃ ৯৫. কাউকে অন্যের দোষ-ক্রটি তুলে ধরে গালমন্দ করা রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

কাউকে অন্যের দোষ-ত্রুটি তুলে ধরে গালমন্দ করা

অন্যকে গালি দেয়া। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একব্যক্তিকে বললেন,

أُعَيَّرْتَهُ بأمه؟ إنك امرؤ فيك جاهلية

তুমি তার মাকে গালি দিলে? তুমিতো এমনলোক যার মাঝে এখনও জাহিলীয়াত আছে।[1]

.....

ব্যাখ্যা: এটা আবূ যার রদ্বিয়াল্লাহু আনহু এর কাহিনী; ইসলাম গ্রহণকারী পূর্ববর্তী মর্যাদাবান ছাহাবীদের কোন একজনের ব্যাপারে তিনি বলেছিলেন, হে কালোর বেটা! ঐ ছাহাবীর মা ছিল কালো। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এটা শুনে আবূ যার রদ্বিয়াল্লাহু আনহু কে বললেন,

أُعَيَّرْتَهُ بأمه؟ إنك امرؤ فيك جاهلية

তুমি তার মাকে গালি দিলে?! তুমিতো এমন লোক যার মাঝে এখনও জাহিলীয়াত আছে।[2] সুতরাং কোন ব্যক্তিকে এমন বিষয়ে গালমন্দ করা যা তার মাঝে নেই, বরং অন্যের মাঝে আছে অথবা তার বংশের বদনাম করা সবই জাহিলী কর্ম। কারো মাঝে জাহিলী স্বভাবের কিছু বিদ্যমান থাকলেই কাফির হবে না।

>

## ফুটনোট

- [1]. ছুহীহ বুখারী হা/৩০, ৬০৫০, ছুহীহ মুসলিম হা/১৬৬১।
- [2]. ছুহীহ বুখারী হা/৩০, ৬০৫০, ছুহীহ মুসলিম হা/১৬৬১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9065

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন